দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 27 AUG 2015...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ .....

# কানাডিয়ান ভার্সিটির সঙ্গে বিএসএমএমইউর সমঝোতা স্মারক স্বাক্ষর

স্টাফ রিপোর্টার ॥ কানাডার নভেল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সঙ্গে এক সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। এর মাধ্যমে দু'বিশ্ববিদ্যালয়ের মধ্যে পারস্পরিক গবেষণা ও শিক্ষার বিভিন্ন বিষয়ে আদান-প্রদানের সুযোগ থাকবে। উন্মুক্ত হবে আরও নতুন নতুন ও প্রয়োজনীয় বিষয়ে গবেষণার পথ। বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ইতোমধ্যে চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য সংশ্লিষ্ট বিষয়ে ৪ শতাধিক গবেষণা সম্পন্ন করেছে।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপ-উপাচার্যের (গবেষণা ও উন্নয়ন) অফিসে বুধবার স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ কামরুল হাসান খান ও উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডাঃ মোঃ শহীদুল্লাহ সিকদার। কানাডার নভেল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন কানাডার নভেল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রফেসর রজার আইসি. হ্যানসেল ও ওই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রফেসর বিশ্বজিৎ (বব) গাঙ্গুলী। এ সময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডাঃ মোঃ রুহুল আমিন মিয়া, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডাঃ মোঃ জুলফিকার রহমান খান, ডেন্টাল অনুষদের ডিন অধ্যাপক ডাঃ মোঃ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডাঃ মোঃ আসাদুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ডাঃ মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (মানবসম্পদ) ডাঃ জামাল উদ্দিন খলিফা, পরিচালক (হাসপাতাল) বিগ্রেডিয়ার জেনারেল (অব) মোঃ আব্দুল মজিদ ভূঁইয়া প্রমুখ। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষা, গবেষণা, উন্নয়ন ও অন্যান্য বিষয়ে একটি সংক্ষিপ্ত পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডাঃ মোঃ শহীদুল্লাহ সিকদার। তিনি এ বিশ্ববিদ্যালয়ের ৭টি অনুষদের ৪৬টি বিভাগের বিভিন্ন কার্যক্রমের একটি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরেন। তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্যসেবার পাশাপাশি নতুন নতুন গবেষণা কর্মে আত্মনিয়োগ অত্যন্ত জরুরী। ইতোমধ্যে সাম্প্রতিক সময়ে চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য সংশ্লিষ্ট বিষয়ে চার শতাধিক গবেষণা কর্ম বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়ন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও অন্যান্য দাতা সংস্থার অর্থায়নে সম্পন্ন হয়েছে।